দৈনিক বাংলা

তারিখ ... 04 AUG 1991
পৃষ্ঠা... ৯ ... কলাম ... ১ ...

(১০)

21

# শীঘ্রই উন্মুক্ত বিশ্ববিদ্যালয় চালু হচ্ছে

।। স্টাফ রিপোর্টার ।।

দেশে শীগগীরই একটি উন্মুক্ত বিশ্ব-বিদ্যালয় চালু হচ্ছে। ব্যাপক জনগোষ্ঠীর শিক্ষার সুযোগ সৃষ্টি এবং মানবসম্পদ উন্নয়নই এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্য।

দূর শিক্ষণ পদ্ধতির মাধ্যমে প্রস্তাবিত

(শেষ পৃঃ ২–এর কঃ দ্রঃ)

## শীঘ্রই উন্মুক্ত

(প্রথম পৃষ্ঠার পর)

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চলবে। এশীয়া উন্নয়ন ব্যাংক এ বিশ্ববিদ্যালয়ের জন্য কারিগরিও আর্থিক সহযোগিতা প্রদানকরবে।

উল্লেখ্য, শিক্ষক প্রশিক্ষণে দূর শিক্ষণ ইনস্টিটিউটের সাফল্যের পর বাংলাদেশ সরকারের অনুরোধে এশীয় উন্নয়ন ব্যাংকে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় এগিয়ে এসেছে। ব্যাংকের সহযোগিতায় ইতি-মধ্যেই এ বিশ্ববিদ্যালয়ের জন্য একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এর সম্ভাব্যতা যাচাই ও পূর্ণাঙ্গ পরিকল্পনা প্রণয়নের জন্য বিশেষজ্ঞ গ্রুপ কাজ শুরু করেছে।

এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় ও এশীয় উন্নয়ন ব্যাংকের যৌথ উদ্যোগে দুই দিনের একটি কর্মশালা গতকাল নায়েম মিল-নায়তনে শুরু হয়েছে। শিক্ষামন্ত্রী প্রফেসর বদরুদ্দোজা চৌধুরী এ কর্মশালার উদ্বোধনী করেন। অনুষ্ঠানে শিক্ষাবিদ, নীতি নির্ধারক এবং দাতা দেশ সমূহের প্রতিনিধিরা অংশ নেন।

শিক্ষা সচিব আ ন ম ইউসুফের সভাপতিত্বে অনুষ্ঠিত উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। শীর্ষক কর্মশালার উদ্বোধন করে শিক্ষামন্ত্রী প্রফেসর বদরুদ্দোজা চৌধুরী গতকাল বলেন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় চালু হলে বিভিন্ন শ্রেণীর মানুষের জন্য শিক্ষা এবং পেশাজীবীদের জন্য প্রশিক্ষনের সুযোগ বৃদ্ধিপাবে।

কর্মশালায় শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোহাম্মদ ইউনুস খান বলেন, সম্পদের সীমাবদ্ধতার কারণে প্রাতিষ্ঠানিক শিক্ষার সম্প্রসারণ কঠিন এবং সরকার সেজন্যে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার চিন্তা করেছে।

কর্মশালায় মঞ্জুরী কমিশনের চেয়ার-ম্যান প্রফেসর শামসুল হক, জাহাঙ্গীর নগর ভার্সিটির ভাইস-চ্যান্সেলর প্রফেসর কাজী সালেহ আহমদ, ঢাকা বিশ্ব-বিদ্যালয়ের ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা, খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর গোলাম রহমান, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর সদরুদ্দিন আহমেদ, এশীয় উন্নয়ন ব্যাংকে প্রতিনিধি ডক্টর মতিলাল শর্মা প্রমুখ অংশ নেন।